গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
নেজারত শাখা
(www.pirojpur. gov.bd)

নম্বর -০৫.১০.৭৯০০.০০৯.০৯.০১১.১৯-৮৮৭ তারিখ ঃ ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুরে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নরূপ শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে

| পদের নাম | সংখ্যা | শিক্ষাগত / প্রয়োজনীয় যোগ্যতা | বেতন |
|---|---|---|---|
| অধ্যক্ষ | ০১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি, প্রতিষ্ঠান পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে | আলোচনা সাপেক্ষ |
| সহকারী শিক্ষক | ০৩(তিন) টি, তবে পদসংখ্যা কম/বেশি হতে পারে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি | |

০১। আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্বহস্তে স্পষ্টাক্ষরে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইট www.pirojpur.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

০২। প্রার্থীকে জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ ও সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি এবং সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা প্রদানকালে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদপত্র/ কাগজপত্র প্রদর্শন করতে হবে।

০৪। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোন প্রতারণার আশ্রয় নিলে প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। আগামী ১০.১১.২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর ডাকযোগে/ই-মেইল (dcpirojpur@mopa.gov.bd) আবেদনপত্র পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫X৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরৎ খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে অথবা ই-মেইলে পেতে আগ্রহী হলে ই-মেইল ঠিকানা আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা বা পদ হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯/১০/২০১৯
(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
পিরোজপুর
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd

নম্বর -০৫.১০.৭৯০০.০০৯.০৯.০১১.১৯-৮৮৭(৫০) তারিখ ঃ ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। পুলিশ সুপার, পিরোজপুর
০২। সিভিল সার্জন, পিরোজপুর
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর
০৫। মেয়র/প্রশাসক, পিরোজপুর/নেছারাবাদ/মঠবাড়িয়া/ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট, পিরোজপুর
০৭। অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ/ সরকারি মহিলা কলেজ/ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/ আফতাব উদ্দিন কলেজ/ তেঁজদাসকাঠী কলেজ, পিরোজপুর
০৮। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ ইন্দুরকানী, পিরোজপুর
০৯। সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ ইন্দুরকানী, পিরোজপুর
১০। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর
১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর
১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পিরোজপুর

(০১–১২: তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৩। জেলা তথ্য অফিসার, পিরোজপুর (বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পিরোজপুর ওয়েবসাইটে এবং ফেসবুক পেইজ-এ প্রকাশ/আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

২৯/১০/২০১৯

(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
পিরোজপুর
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd